অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বাফেলোতে এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন ইনিশিয়েটিভ (EMPIRE STATE POVERTY REDUCTION INITIATIVE, ESPRI) এর মাধ্যমে অর্থায়িত প্রকল্পসমূহের ঘোষণা করেন

স্টেট ফান্ডিংয়ে 1.4 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থায়ন দ্বারা সাতটি প্রকল্প শুরু হতে চলেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বাফেলোতে এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন ইনিশিয়েটিভ এর অধীনে সাতটি প্রকল্প অর্থায়িত হচ্ছে। এসব প্রকল্প হচ্ছে ESPRI, যা হচ্ছে সকল নিউ ইয়র্কবাসীর দারিদ্র বিমোচন ও অর্থনৈতিক সুযোগ বৃদ্ধির লক্ষ্যে 16টি কমিউনিটির জন্য গৃহীত স্থানীয়-ভিত্তিক কৌশলগুলোকে সহায়তার উদ্দেশ্যে গভর্নরের 25 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগের প্রত্যক্ষ ফলাফল।

"আমরা কমিউনিটিগুলিকে দারিদ্রতা থেকে অর্থনৈতিক স্বাধীনতার পথে চলার জন্য সাহায্য করতে জনগণের নিকট সুযোগসুবিধা পৌঁছানোর জন্য ক্ষমতায়িত করছি", **গভর্নর কুওমো বলেন,** "আমি বাফেলোর কমিউনিটিতে অর্থপূর্ণ পরিবর্তন নিয়ে আসার জন্য তাদের এই প্রচেষ্টার প্রশংসা করি এবং এই কর্মসূচিগুলো যাতে সুফল বয়ে নিয়ে আসে তার অপেক্ষায় থাকবো।"

"আমাদের এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন ইনিশিয়েটিভ এর অংশ হিসেবে, বহু নিউ ইয়র্কবাসীর জীবনে দারিদ্রতার যে জটিল সমস্যাবলী অবিরাম প্রভাব ফেলছে সেগুলোর মোকাবিলা করতে আমরা স্টেট জুড়ে কমিউনিটিগুলোকে আর্থিক অনুদান দিচ্ছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "যেসব লোকজন দারিদ্রতার মধ্যে জীবনযাপন করছে, তাদের আরও একটু বেশি স্থিতিশীল জীবনযাপন করতে সহায়তার জন্য আমরা প্রয়োজনীয় সুযোগ ও সংস্থান প্রদান করার বিষয়টি নিশ্চিত করতে চাই। বাফেলোর দারিদ্রতা বিমোচনের কর্মসূচিসমূহে এই বিনিয়োগ, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) এর বাসিন্দাদের জন্য উন্নত অর্থনৈতিক সুযোগসুবিধা প্রদান করবে।"

2016 সালে গভর্নর এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন ইনিশিয়েটিভ ঘোষণার কিছুকাল পরেই, স্থানীয় প্রচেষ্টা তত্বাবধান এবং স্টেট তহবিল পরিচালনা করতে স্থানীয় টাস্কফোর্স গঠনের মাধ্যমে অ্যালবেনি, বিংহ্যাম্পটন, দ্য ব্রঙ্কস, বাফেলো, এলমিরা, হ্যাম্পস্টেড, জেমসটাউন, নিউবার্গ, নায়াগ্রা ফলস, ওনিওনটা, ওসিউগো, সাইরাকজ, ট্রয়, ইউটিকা এবং ওয়াটারটাউন রচেস্টারে যোগদান করেছে।

প্রাথমিকভাবে, এই টাস্ক ফোর্সগুলি অত্যন্ত-চাহিদাবিশিষ্ট এলাকাগুলি চিহ্নিত করেছে এবং দারিদ্র্যের মধ্যে বসবাসকারী ব্যক্তিদের সংখ্যা হ্রাস করার জন্য বিনিয়োগ এবং অন্যান্য পরিবর্তনের জন্য সুপারিশ গঠন করেছে। এখন, এই টাস্ক ফোর্সগুলো ESPRI তহবিলের ব্যবহারের মাধ্যমে, প্রথম পর্যায়ে গঠিত দারিদ্র বিমোচন পরিকল্পনাগুলির বাস্তবায়ন করতে শুরু করছে।

ইউনাইটেড ওয়ে অব বাফেলো অ্যান্ড ইরি কাউন্টি (United Way of Buffalo & Erie County) এবং কমিউনিটি ফাউন্ডেশন ফর গ্রেটার বাফেলো (Community Foundation for Greater Buffalo), যেগুলো হচ্ছে বাফেলোতে ESPRI তহবিল পরিচালনা করতে একত্রে কাজ করা প্রধান সংগঠনসমূহ, তারা আর্থিক সংকট লাঘবে সহায়তা করতে একটি ধারাবাহিক ট্যালেন্ট পাইপলাইন ব্যবস্থাপনা (Talent Pipeline Management) শুরু করতে যাচ্ছে।

ইউনাইটেড ওয়ে চুক্তিবদ্ধ কমিউনিটি-ভিত্তিক সংস্থাসমূহের সহায়তার মাধ্যমে থ্রাইভ বাফেলো (THRIVE Buffalo) বাস্তবায়ন করছে এবং সিটির নিম্ন আয়ের বাসিন্দাদেরকে চাকরি পেতে এবং দীর্ঘ-মেয়াদে আর্থিক স্থিতিশীলতা অর্জনে সহায়তা করার লক্ষ্যে কর্মক্ষেত্র উন্নয়ন কর্মসূচি, অর্থনৈতিক শিক্ষা এবং সহায়ক সেবাসমূহে অ্যাক্সেস পেতে সহায়তা করার জন্য আঞ্চলিক কর্মীদেরকে অন্তর্ভুক্ত করছে।

থ্রাইভ বাফেলো এর সমর্থনে সাততি কর্মসূচিকে অর্থায়নের জন্য অনুমোদন করা হয়েছে যেগুলো হলো:

বাফেলো অ্যান্ড ইরি কাউন্টি ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম, 701,725 ডলার - বাফেলো ইমপ্লয়মেন্ট ও ট্রেইনিং সেন্টারের সাথে কাজ করার মাধ্যমে, কর্মসূচিতে অংশগ্রহণকারীগণকে মূল প্রবৃদ্ধি শিল্পসমূহে উচ্চ মানের, পারিবারিকভাবে টেকসই কর্মসংস্থান সুবিধাবলীর জন্য প্রস্তুত করতে এবং সেগুলোতে যুক্ত করতে মূল স্টেকহোল্ডারগণকে একটি কর্মক্ষেত্র উন্নয়ন পাইপলাইনে সৃষ্টির কাজে যুক্ত করা হবে। এছাড়াও এই প্রচেষ্টায় দীর্ঘ-মেয়াদী কর্মসূচির স্থিতিশীলতায় সহায়তা করার জন্য সম্পদসমূহের শ্রেণিবদ্ধকরণ অন্তর্ভুক্ত রয়েছে।

নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেইনিং সেন্টার, 397,597 ডলার - মূল স্টেকহোল্ডারগণকে একটি কর্মক্ষেত্র উন্নয়ন পাইপলাইনে সৃষ্টির কাজে যুক্ত করা হবে যেখানে প্রশিক্ষণ ও উন্নত উৎপাদন এবং সংশ্লিষ্ট শিল্পসমূহের উপর বিশেষভাবে মনোনিবেশ করা হবে। এই কর্মসূচিতেও দীর্ঘ-মেয়াদী কর্মসূচির স্থিতিশীলতায় সহায়তা করার জন্য সম্পদসমূহের শ্রেণিবদ্ধকরণ অন্তর্ভুক্ত রয়েছে।

বাফেলো নায়াগ্রা পার্টনারশিপ, 199,696 ডলার - থ্রাইভ বাফেলো এ অংশগ্রহণকারীদেরকে তাদের দক্ষতাবলীর উন্নয়নে এবং উচ্চ-চাহিদাসম্পন্ন শিল্পসমূহে স্থানীয় নিয়োগকর্তাদের কাছে কাজের জন্য প্রতিদ্বন্দ্বিতায় যুক্ত করতে নিয়োগকর্তাদেরকে একত্রিত ও সংগঠিত করার কাজে প্রধান অংশীদার হিসেবে কাজ করা।

সেন্টার ফর গভার্নমেন্টাল রিসার্স, 75,000 ডলার - একটি মূল্যায়ন পরিকল্পনার উন্নয়ন করা হবে যেটি থ্রাইভ বাফেলো এর প্রত্যাশিত ফলাফলসমূহ প্রতিষ্ঠিত করবে এবং কর্মসূচির পারফরম্যান্স পরিমিত হওয়ার বিষয়টি নিশ্চিত করাসহ ভবিষ্যৎ কর্মসূচির নমুনা প্রণয়ন করতে সহায়তা করবে।

জ্যাকসন পার্কার কমিউনিকেশন, 60,000 মার্কিন ডলার - বিপণন ও গণ যোগাযোগ সেবাসমূহ প্রদান করা হবে যা উদ্যোগটি কর্তৃক আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন অংশীদারগণকে আকর্ষিত করা নিশ্চিত করতে থ্রাইভ বাফেলো এর ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করবে।

211-WNY অ্যান্ড বাফেলো 311, 24,000 মার্কিন ডলার - কল সেন্টারের কর্মীদেরকে থ্রাইভ বাফেলো এর জন্য প্রার্থীগণকে শনাক্ত করতে এবং তাদেরকে প্রতিটি ব্যক্তির চাহিদাবলীর উপর ভিত্তি করে যথাযথ কর্মসূচি প্রদানকারীদের কাছে রেফার করার জন্য প্রশিক্ষণ প্রদান করা হবে।

কমিউনিটি কানেকশনস অব নিউ ইয়র্ক, 11,500 মার্কিন ডলার - কর্মসংস্থানসহ পরিবহন, চাইল্ড কেয়ার, ফিন্যান্সিয়াল লিটারেসি এবং সনদ ও লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে বাধাসমূহ অতিক্রম করতে ব্যক্তি চাহিদাবলীর উপর ভিত্তি করে সহায়ক সেবাসমূহ প্রদান করা হবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেব্যালিটি অ্যাসিসট্যান্স (New York State Office of Temporary and Disability Assistance) এর কমিশনার মাইক হেইন বলেন, "গভর্নর কুওমো শনাক্ত করেছেন যে দারিদ্রতার অনেকগুলো কারণ রয়েছে এবং সেগুলো একক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের মাধ্যমে দূর করা সম্ভব নয়। ESPRI একটি নমুনা প্রদান করে যা কমিউনিটিসমূহকে বিশেষ স্থানীয় চাহিদাবলী শনাক্ত করার পাশাপাশি নিউ ইয়র্কের সকল বাসিন্দাদের জন্য আর্থনৈতিক গতিশীলতা বৃদ্ধি করার নমুনা প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন, "গভর্নর কুওমো উপলব্ধি করেছেন যে, কমিউনিটির উন্নতি করতে হলে, আমরা সেই সব কম সৌভাগ্যবান বাসিন্দাদের সাহায্যের জন্য অবশ্যই সংস্থানের ব্যবস্থা করবো। যেসব লোকজন দারিদ্র্যের হাতে নিপীড়িত হচ্ছেন তাদের দিকে ESPRI সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে, যা পরিবর্তে কমিউনিটির বন্ধনকে শক্তিশালী করছে, বাসিন্দাদের আত্মগর্বের অনুভূতি দান করছে এবং এলাকার মধ্যে এবং বাইরে উভয়ক্ষেত্রেই বৃদ্ধির বিকাশ ঘটাচ্ছে। এইগুলি মহৎ কর্মসূচিগুলি, যা একটি সম-অর্থনৈতিক ক্ষেত্র প্রদানে সহায়তা করবে যাতে আমরা সবাই উন্নতি করতে পারি।"

অলাভজনক প্রতিষ্ঠানসমূহ (Non-profit Organizations) এর ইন্টারএজেন্সি কোওর্ডিনেটর ফ্র্যান ব্যারেট বলেন, "ESPRI দারিদ্র্য ও আয় বৈষম্যের মূল কারণগুলি মোকাবিলা করার জন্য গভর্নর কুওমোর সফল প্রচেষ্টাগুলো অব্যাহত রেখেছে। ESPRI-এর মাধ্যমে, গভর্নর কুওমো কম উপার্জনকারী নিউ ইয়র্ক বাসিন্দাদের অর্থনৈতিক ও সামাজিক গতিশীলতা অর্জনের জন্য যে বাধাগুলির সম্মুখীন হতে হয়েছে সেগুলি দূরীভূত করার কৌশলগুলি পরিকল্পনা করার জন্য ক্ষমতা প্রদান করেছেন। এটি একটি রোমাঞ্চকর মুহূর্ত কেননা বাফেলোর বাসিন্দারা বাস্তবধর্মী ফলাফলের জন্য একত্রে কাজ করছেন। স্বতন্ত্র সিস্টেম পরিবর্তন করার প্রকল্প আজ চালু হয়েছে এটি স্টেট জুড়ে সমস্ত 16টি ESPRI এলাকাসমূহে কাজ সম্পন্ন করার একটি চমৎকার উদাহরণ। আমরা বাফেলোর স্থানীয় নেতৃত্বের কাজের প্রশংসা করি এবং ভবিষ্যতে বাফেলোর পরিবারিক জীবনে এই প্রচেষ্টার প্রভাব দেখার প্রত্যাশা করি।"

সিনেটর টিম কেনেডি বলেন, "এই সকল অনুদান সরাসরি এখানে ওয়াস্টার্ন নিউ ইয়র্কের দারিদ্রতাকে লক্ষ্যভুক্ত করবে। কর্মসংস্থান, পরিবহন, প্রশিক্ষণ, চাইল্ড কেয়ার এবং আরও অনেক কিছু কেন্দ্রিক এই হোলিস্টিক উদ্যোগটি এখানে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের দারিদ্রতার কারণসমূহ শনাক্ত করার জন্য অনেক দূর অগ্রসর হবে। আমাদের প্রধান আয়োজক, ইউনাইটেড ওয়ে অব বাফেলো অ্যান্ড ইরি কাউন্টি এবং কমিউনিটি ফাউন্ডেশন ফর গ্রেটার বাফেলো কর্তৃক থ্রাইভ বাফেলো এর জন্য যে কঠোর পরিশ্রম করা হয়েছে আমি গভীরভাবে সেটির প্রশংসা করি। ওয়েস্টার্ন নিউ ইয়র্কের দরিদ্র কর্মজীবী মানুষের ভাগ্য উন্নয়নের এই উদ্যোগ প্রণয়ন তাদের নেতৃত্ব অমূল্য হিসেবে প্রমাণিত হয়েছে এবং আমি এই প্রক্রিয়ার পরবর্তী ধাপ শুরু হওয়া দেখার জন্য রোমাঞ্চিত।"

সিনেটর ক্রিস জ্যাকব বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন ইনিশিয়েটিভ এর 1.4 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল উদ্ভাবনী কর্মক্ষেত্রের উন্নয়ন ও বাফেলো সিটিতে চাকরি প্রশিক্ষণ কর্মসূচিসমূহকে সহায়তা করতে যাচ্ছে। অনেক কোম্পানি ও নিয়োগকর্তা যাদের সাথে আমার সাক্ষাত হয়েছে তারা আমাকে বলেছেন যে সঠিক দক্ষতা সম্পন্ন যথাযথ কর্মী পাওয়াই তাদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এই উদ্যোগের মাধ্যমে অর্থায়নকৃত কর্মসূচিসমূহ সেই সকল চাহিদা শনাক্ত করতে সহায়তা করার পাশাপাশি লোকজনকে সেই সকল কাজের সুযোগের জন্য প্রস্তুত হতে সহায়তা করবে যা তাদের পরিবারবর্গকে অনেক বেশি আর্থিক নিরাপত্তা ও স্থিতিশীলতা প্রদান করবে।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "আমি আমাদের সকল ESPRI কর্মী ও টাস্কফোর্স অংশীদারদেরকে স্বাগত জানাতে চাই। আমরা ফেজ 2 এর শুভ সূচনা করতে সক্ষম হওয়ার জন্য বেশ কিছুটা সময় ধরে সহযোগিতা করছি ও সক্ষমতা বৃদ্ধি করছি। ইউনাইটেড ওয়ে এবং কমিউনিটি ফাউন্ডেশন ফর গ্রেটার বাফেলো কর্তৃক পরিচালিত থ্রাইভ বাফেলো এর অধীনে সাতটি প্রকল্প বাসিন্দাদেরকে বাড়তি চাকরি বিষয়ক প্রশিক্ষণ, অর্থনৈতিক শিক্ষা এবং সার্বিক সেবাসমূহে অ্যাক্সেস করা নিশ্চিত করবে যাতে তাদেরকে অর্থনৈতিক স্বাধীনতার পথে সহায়তা করা যায়। এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন ইনিশিয়েটিভ এর 1.7 মিলিয়ন মার্কিন তহবিলকে ধন্যবাদ, আমরা সকল নৌকাকে অর্থনীতির স্রোতে আনতে সক্ষম হবো।"

অ্যাসেম্বলিমেম্বার সিন রিয়ান বলেন, "কর্মক্ষেত্রে প্রবেশ ইচ্ছুক মানুষকে তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ পেতে এবং তাদেরকে অর্থনৈতিকভাবে স্বাধীন হতে সহায়তা করার ক্ষেত্রে এই সকল প্রকল্পে অর্থায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমি গভর্নর কুওমোকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে তার অব্যাহত বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাতে চাই এবং এই সকল প্রকল্পের ফলে আমাদের কমিউনিটির ধারাবাহিকভাবে প্রবৃদ্ধি অর্জনের বিষয়টি দেখার জন্য অধীর আগ্রহে আছি।"

অ্যাসেম্বলিমেম্বার প্যাট বার্ক বলেন, "থ্রাইভ বাফেলো কর্মসূচি বাস্তবায়নের জন্য আমাদের এলাকায় এই সকল গুরুত্বপূর্ণ তহবিল আসতে দেখে আমি আনন্দিত এবং আমি আমাদের কমিউনিটিসমূহের সম্ভাবনাসমূহকে শনাক্ত করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই। এই সকল সম্পদ অসংখ্য মানুষকে আমাদের প্রবৃদ্ধশীল কর্মক্ষেত্রের অংশ হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতাবলী অর্জনে সহায়তা করবে।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক পোলনকারজ বলেন, "ইরি কাউন্টিতে আমরা এমন একটি কর্মক্ষেত্র সৃষ্টি করছি যেটি বর্তমান সময়কার অর্থনীতির চাহিদাবলী মেটানোর জন্য প্রস্তুত এবং আমরা নিশ্চিত করছি, যে সকল বাসিন্দা তাদের কর্ম দক্ষতাবলী উন্নয়ন করতে চান তাদের সেটি করার সামর্থ্য রয়েছে। নিউ ইয়র্ক স্টেট এর এই অর্থায়ন এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন ইনিশিয়েটিভকে শক্তিশালী করবে এবং আরও অনেক বেশি সম্ভাব্য কর্মীকে ভালো বেতনের চাকরি প্রাপ্তি এবং তাদের ও তাদের পরিবারের জন্য নিরাপত্তা নিশ্চিত করার সুযোগ দেবে।"

বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন, "বাফেলো শহরের দারিদ্রতার বিরুদ্ধে লড়াইয়ে আমার পাশে থাকার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই। সকল বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে যে সমস্ত দক্ষতার প্রয়োজন সেগুলো অর্জনের জন্য প্রশিক্ষণের সুযোগের দ্বার এই অর্থায়নের মাধ্যমে উন্নতকরণ অব্যাহত থাকবে।"

ইউনাইটেড ওয়ে অব বাফেলো অ্যান্ড ইরি কাউন্টি এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল ওয়াইনার বলেন, "থ্রাইভ বাফেলো, যা হচ্ছে বাফেলো শহরের কর্মহীন ও আংশিক কর্মহীন বাসিন্দাদের সহায়তার নিমিত্তে ধারাবাহিক ট্যালেন্ট পাইপলাইন ব্যবস্থাপনা সৃষ্টির জন্য একটি পরিকল্পিত সহযোগিতামূলক কমিউনিটি ভিত্তিক উদ্যোগ, তা চালু করতে পেরে ইউনাইটেড ওয়ে অব বাফেলো অ্যান্ড ইরি কাউন্টি অত্যন্ত আনন্দিত। ফেডারেল দারিদ্র রেখায় যা উপস্থাপন করে তার তুলনায়ও অধিক পরিবার আর্থিক কষ্টের মুখোমুখি হচ্ছে এবং বেশি অর্থ-প্রদানকারী চাকরি ও দক্ষতা বৃদ্ধির সুযোগসমূহ গ্রহণের দ্বার উন্নতকরণ এ সকল পরিবারগুলোকে আরও সহায়তা করবে এবং তাদেরকে আরও উন্নত অর্থনৈতিক স্থিতিশীলতা প্রদান করবে। আমাদের কমিউনিটিতে গভর্নর কুওমোর অব্যাহত সহায়তার জন্য আমরা তাকে ধন্যবাদ জানাতে চাই।"

গভর্নরের কর্মসূচির সাথে আপডেটসমূহ নিয়ে আলোচনা করতে, প্রশ্নের উত্তর দিতে এবং স্থানীয় সরকারকে অলাভজনক সরবরাহকারী এবং ব্যবসায়িক গোষ্ঠীগুলির সাথে সংযুক্ত করতে নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেব্যালিটি অ্যাসিসট্যান্স, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়্যাল (New York State Homes and Community Renewal) এবং নিউ ইয়র্ক স্টেট গ্রান্টস অ্যান্ড রিফর্ম টিম (New York State Grants and Reform Team) সহ গভর্নরের নন-প্রফিট কোঅর্ডিনেশন ইউনিট (Nonprofit Coordination Unit) গত বছর পুরো স্টেট জুড়ে লিসেনিং সেশনের আয়োজন করেছিল। অবশিষ্ট কমিউনিটিগুলো উন্নয়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে ও তারা তাদের স্থানীয় সুপারিশগুলি কার্যকর করছে এবং আসন্ন মাসগুলিতে তাদের নিজস্ব দারিদ্র্য বিমোচন পরিকল্পনা ঘোষণা করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন